**অতীব জরুরী**

# বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, হাউস#৭/৭-এ, ব্লক#এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০।

## সম্মানিত সকল সদস্যের জন্য

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২০/৪২ তারিখঃ ০২/০৪/২০২০ইং

**বিষয়ঃ করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রার্দুভাবের সময়ে ও আসন্ন পবিত্র রমজান উপলক্ষ্যে চট্টগ্রাম বন্দরস্থ জেটিতে রক্ষিত পোশাক শিল্পের পণ্যবাহী আমদানীকৃত এফসিএল/এলসিএল কন্টেইনার দ্রুত ডেলিভারী নেয়া প্রসঙ্গে।**

এতদ্বারা সম্মানিত সকল সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রার্দুভাবের সময়ে এবং আসন্ন পবিত্র রমজান উপলক্ষ্যে চট্টগ্রাম বন্দরের অভ্যন্তরে এফসিএল/এলসিএল কন্টেইনার ডেলিভারী না নেয়ার কারণে অস্বাভাবিক হারে বৃদ্ধি পেয়েছে। ফলে বন্দরের অপারেশনাল কার্যক্রম নিরবচ্ছিন্নভাবে সম্পাদন করা যাচ্ছে না। কন্টেইনার জটের কারণে বন্দরে পণ্য আনষ্টাফ করা দুরুহ হয়ে পড়েছে। পর্যায়ক্রমে কন্টেইনার বৃদ্ধির ফলে অপারেশনাল কার্যক্রম মারাত্নকভাবে ব্যাহত হওয়ার আশঙ্খা করা যাচেছ। অপারেশনাল কার্যক্রম নিরবচ্ছিন্নভাবে সচল রাখার জন্য বন্দর কর্তৃপক্ষ অনতিবিলম্বে আমদানীকৃত এফসিএল/এলসিএল কন্টেইনারসমূহ দ্রুত ডেলিভারী নেয়ার জন্য বিজ্ঞপ্তি জারী করেছে।

বিজ্ঞাপ্তি'টি আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

**কমডোর মোহাম্মদ আবদুর রাজ্জাক (অবঃ)**
এনইউপি, এনডিসি,পিএসসি,এমফিল
সচিব

**সংযুক্তিঃ** বর্ণনামতে।

# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

টার্মিনাল ম্যানেজার এর দপ্তর

নং - চবক/ টিএম/এফসিএল/দ্রুত ডেলিভারী/২০১৭

তারিখ ঃ ০১/০৪/২০২০ খ্রীঃ

বরাবর
সভাপতি
বিজিএমইএ
বিজিএমইএ কমপ্লেক্স,
হাউস # ৭/৭এ, সেক্টর-১৭, ব্লক-এইচ-১,
উত্তরা, ঢাকা - ১২৩০।

বিষয়ঃ করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাবের সময়ে ও আসন্ন পবিত্র রমজান উপলক্ষ্যে চট্টগ্রাম বন্দর থেকে বিভিন্ন আমদানীকারকগণ কর্তৃক আনীত এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গো দ্রুত ডেলিভারী নেওয়া প্রসঙ্গে।

উল্লেখিত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিভিন্ন জাহাজে করে আমদানীকারকদের অনুকূলে চট্টগ্রাম বন্দরে যে পরিমাণ এফসিএল কন্টেইনার আসছে সে অনুযায়ী এফসিএল কন্টেইনার ডেলিভারী হচ্ছে না। করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাবের সময়ে চট্টগ্রাম বন্দরে এফসিএল কন্টেইনার ডেলিভারীর সংখ্যা স্বাভাবিক সময়ের তুলনায় হ্রাস পেয়েছে। অদ্য ০১/০৪/২০২০ ইং তারিখে চট্টগ্রাম বন্দরে মোট ৪৪,৯২৬ টিইইউএস আমদানীকৃত কন্টেইনার এবং ৩৭,৬২০ টিইইউএস ধারণ ক্ষমতার স্থলে ৪৩,৮৯৭ টিইইউএস এফসিএল কন্টেইনার স্থিত রয়েছে। এফসিএল কন্টেইনার দ্রুত চট্টগ্রাম বন্দর থেকে খালাস করা না হলে ক্যাপাসিটির অতিরিক্ত এফসিএল কন্টেইনার থাকার ফলে বন্দরে কন্টেইনার জটের সৃষ্টি হতে পারে। করোনা ভাইরাস (কোভিড-১৯) বৈশ্বিক মহামারী আকারে ছড়িয়ে পড়ায় বর্তমানে চট্টগ্রাম বন্দর থেকে আমদানীকৃত এফসিএল ও এলসিএল পণ্য ডেলিভারী খুবই কম হচ্ছে। **পবিত্র রমজান এর পূর্ববর্তী ও পরবর্তী বিভিন্ন শিল্পের কাঁচামাল সরবরাহ, দেশের সাপ্লাই চেইন নিরঃবিচ্ছিন্ন সর্বোপরি চট্টগ্রাম বন্দরে আগত কন্টেইনারবাহী জাহাজ হতে কন্টেইনার লোডিং-আনলোডিং কার্যক্রম স্বাভাবিক রাখার স্বার্থে নিম্নমতে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা দরকার।**

১। গত ১০ দিন যাবত আমদানীকৃত এলসিএল আনষ্টাফকৃত পণ্যসমূহ সিএফএস সমুহ থেকে ডেলিভারী না নেওয়ার ফলে সিএফএস সমূহে ধারণ ক্ষমতার অতিরিক্ত পণ্য সংরক্ষণ করতে হচ্ছে। এতে করে আমদানীকৃত এলসিএল কন্টেইনারসমূহ আনষ্টাফ করা দুরুহ হয়ে পড়েছে। তাই এ সকল এলসিএল পণ্যসমূহ অতিদ্রুত ডেলিভারী নেওয়ার কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

২। গত ১০ দিন যাবত আমদানীকৃত এফসিএল কন্টেইনারসমূহ ডেলিভারী না নেওয়ার ফলে চট্টগ্রাম বন্দরের বিভিন্ন ইয়ার্ডে ধারণ ক্ষমতার অতিরিক্ত কন্টেইনার সংরক্ষণ করতে হচ্ছে। ফলে জাহাজ ও ইয়ার্ডের কার্যক্রম মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে এবং বর্হিনোঙ্গরে অপেক্ষমান জাহাজের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এভাবে চলতে থাকলে দ্রুতই এফসিএল ও এলসিএল পণ্যসমেত কন্টেইনার সংরক্ষণের অভাবে বন্দরের সামগ্রিক অপারেশনাল কর্মকান্ড মারাত্মকভাবে ব্যাহত হওয়ার আশাঙ্খা করা যাচ্ছে। তাই এ সকল এফসিএল পণ্যসমেত কন্টেইনারসমূহ দ্রুততার ভিত্তিতে ডেলিভারী নেওয়া অতীব জরুরী।

৩। আপনাদের আমদানীকারকগণ কর্তৃক আমদানীকৃত কাঁচামালসমূহ দ্রুত চট্টগ্রাম বন্দর হতে খালাসের লক্ষ্যে চট্টগ্রাম কাষ্টম হাউস ও চট্টগ্রাম বন্দর ২৪/৭ কার্যক্রম চালু রেখেছে। এ সময়ে আমদানীকৃত কাঁচামালসমূহ দ্রুত চট্টগ্রাম বন্দর হতে খালাস করে সংশ্লিষ্ট আমদানীকারকের গুদামে সংরক্ষণ করা একান্ত প্রয়োজন।

এমতাবস্থায়, করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাবের সময়ে এবং আসন্ন পবিত্র রমজানের সময়ে চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম সুষ্ঠু, স্বাভাবিক ও গতিশীল রাখার স্বার্থে চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে স্থিত এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গো দ্রুত ডেলিভারী নেওয়ার পাশাপাশি আমদানীকারকগণের সাথে যোগাযোগপূর্বক সরকারী ছুটির দিনসহ বন্ধের দিনগুলোতেও এফসিএল/এলসিএল কন্টেইনার ও কার্গো স্বাভাবিক রাখার কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য বিনীতভাবে অনুরোধ করা গেল। এ ব্যাপারে আপনাদের সহযোগীতা একান্ত কাম্য।

বিষয়টি অতীব জরুরী।

টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

অনুলিপিঃ
১। একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
২। একান্ত সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
৩। একান্ত সচিব, নৌ পরিবহন সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
৪। একান্ত সচিব, বাণিজ্য সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
৫। সকল সদস্য, চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৬। পরিচালক (প্রশঃ), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৭। পরিচালক (ট্রাফিক), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
৮। প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ফেডারেশন ভবন (২য় তলা), ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
৯। ১ম সহ-সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ রিজিওনাল অফিস, বিজিএমইএ ভবন, লেভেল-৪ ও ৫, ৬৬৯/ই, ঝাউতলা রোড, দঃ খুলশী, চট্টগ্রাম এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১০। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, চট্টগ্রাম চেম্বার অব কমার্স বিল্ডিং, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১১। প্রেসিডেন্ট, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন, আনোয়ার টাওয়ার, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১২। সভাপতি, চট্টগ্রাম সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
১৩। পি এ টু চেয়ারম্যান; চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।

স্বাঃ/-

টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

Scanned with CamScanner